

# চবিতে গাঁজা সেবন অবস্থায় ঢাবি শিক্ষার্থীসহ আটক ৩০

চবি প্রতিনিধি

০৭ জুলাই ২০২৪, ১১:৫৯ এএম | অনলাইন সংক্রান্ত



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) ক্যাম্পাসে মাদকসেবন অবস্থায় বিভিন্ন প্রতিষ্ঠানের প্রায় ৩০ জনকে আটক করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

শনিবার অভিযান চালিয়ে ক্যাম্পাসের জীববিজ্ঞান অনুষদের পুকুরপাড়, সমাজবিজ্ঞান বুপড়ি, উন্নত মঞ্চ, বোটানিক্যাল পুকুরপাড় ও অতীশ দীপক্ষের হল এলাকাসহ বিভিন্ন জায়গা থেকে তাদের আটক করে প্রস্তরিয়াল বড়ি।

Advertisement

এ সময় তাদের কাছ থেকে গাঁজা উদ্ধারের পাশাপাশি প্রায় ৩০টির মতো মোটরসাইকেল ও দুটি গাড়ি জর্দ করা হয়। আটকদের অধিকাংশই চবি শিক্ষার্থী নন। এদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (চবি) একজন শিক্ষার্থীও ছিলেন। পরে তাদের মুচলেকা নিয়ে ছেড়ে দেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রস্তর ড. লিটন মিত্র বলেন, আটকদের মধ্যে যারা চবি শিক্ষার্থী আছেন, তাদের একাডেমিক শাস্তির আওতায় আনা হবে। বহিরাগতদের বিষয়ে পুলিশ দেখবে।

